যশোর বোর্ড-২০১৫

বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট | পূর্ণমান-৬০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে দেখ এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। প্রত্যেক অংশ থেকে কমপক্ষে একটি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

## ক অংশ — গদ্য

**১.▶** মৃতপ্রায় দশ বছরের ফেলানীকে রাস্তার পাশে পড়ে থাকতে দেখে বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষার্থী তাকে হাসপাতালে নিয়ে চিকিৎসার ব্যবস্থা করে। পরে ফেলানীর কাছ থেকে জানা যায় সে গুলশানের উচ্চ পদস্থ কর্মকর্তা আমিনা বেগমের বাসায় কাজ করত। পান থেকে চুন খসলে তার ওপর অত্যাচার চলত। সেদিন ইস্ত্রি করতে গিয়ে কাপড় পুড়িয়ে ফেলায় তাকে গরম ইস্ত্রি দিয়ে ছ্যাকা দেয়া হয়। ঘটনার সত্যতা জেনে পুলিশ আমিনা বেগমকে গ্রেফতার করে কারাগারে পাঠায়।

ক. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধটি কোন গ্রন্থের অন্তর্ভুক্ত? ১

খ. 'অর্থচিন্তার নিগড়ে সকলে বন্দি' বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত শিক্ষার্থীদের মধ্যে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটি উপস্থিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'আমিনা বেগমের ক্ষেত্রে শিক্ষা তার বাইরের ব্যাপার, অন্তরের ব্যাপার হয়ে ওঠেনি'— 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

**২.▶** ষাট বছরের বৃদ্ধ মকবুলের সাথে বিয়ে হয় তের বছরের টুনির। ধানভানা থেকে শুরু করে জমির কাজ সবই মকবুল টুনির দ্বারা করায়। টুনির কর্মদক্ষতার জন্য মকবুল খুশি হলেও টুনিকে মকবুল যতট খাটায় ততটা মূল্যায়ন করে না। মকবুলের চাচাত ভাই মন্তু টুনির রূপে ও গুণে মুগ্ধ। টুনি মাঝে মাঝে স্বপ্ন দেখে মন্তুর সাথে চলে যাবার। কিন্তু সে যেতে পারে না।

ক. বাড়ির পাশে নিমগাছ গজালে কারা খুশি হয়? ১

খ. নিমগাছটার লোকটার সাথে চলে যেতে ইচ্ছে করে কেন? ২

গ. উদ্দীপকের মকবুল নিমগাছ গল্পের কার প্রতিনিধি? ব্যাখ্যা কর। ৩

ঘ. "টুনি যেন 'নিমগাছ' গল্পের লক্ষ্মীবউ"— তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

৩.▶ দারিদ্র্যের কারণে নিলুফা বেশি পড়াশুনা করতে পারেনি। এসএসসি পাশ করে সে একটি হাসপাতালে চতুর্থ শ্রেণির কর্মচারী হিসেবে কাজ করছে। কাজের প্রতি তার দায়িত্বশীলতা দেখে প্রতিষ্ঠানের প্রায় সবাই তার প্রশংসা করে। তবে মাঝে মধ্যে কারো কটু কথা শুনলে তার মনে খুব দুঃখ লাগে। সে মর্মাহত হয়।

ক. মমতাদির বয়স কত? ১

খ. মমতাদি লেখকের বাড়িতে কাজ নিয়েছিল কেন বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের নিলুফা ও 'মমতাদি' গল্পের মমতাদি চরিত্রের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের বিষয়বস্তু 'মমতাদি' গল্পের সামগ্রিক ভাব ধারণ করে না।"— যুক্তিসহকারে উক্তিটি ব্যাখ্যা কর। ৪

## খ অংশ — কবিতা

৪.▶ নামাজের ঘরে মোমবাতি মানে, দরগায় মানে দান,
ছেলেরে তাহার ভালো করে দাও কাঁদে জননীর প্রাণ।
ভালো করে দাও আল্লা রাসুল ভালো করে দাও পীর,
কহিতে কহিতে মুখখানি ভাসে বহিয়া নয়ন নীর!

ক. অন্নপূর্ণা কিছুদিন কার নিবাসে ছিলেন? ১

খ. "জানহ স্বামীর নাম নাহি ধরে নারী"— দেবী অন্নপূর্ণা এ কথা কেন বলেছেন বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের 'জননী'র সাথে 'আমার সন্তান' কবিতার ঈশ্বরী পাটুনীর সাদৃশ্যগত দিক নির্ণয় কর। ৩

ঘ. "মিল থাকলেও উদ্দীপক ও 'আমার সন্তান' কবিতার প্রেক্ষাপট ভিন্ন"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৫.▶ 'গুরু গুরু ডাকে মেঘ ঘনঘাটা চারিদিকে আজ
টুপটাপ বৃষ্টি ঝরে অঝোর ধারায়
নিজেকে হারিয়ে খুঁজি কিছু নাহি পাই
খুলেছি হৃদয় বাতায়ন ফেলে সব কাজ।'

ক. নদীর ফাটলে পূর্ণ প্রাণের জোয়ার কে আনে? ১
খ. 'বিদ্যুৎ-রূপসী পরি' বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. 'খুলেছি হৃদয় বাতায়ন ফেলে সব কাজ'– উদ্দীপকের এ বক্তব্যের সাথে 'বৃষ্টি' কবিতার মিল কিসে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'বৃষ্টি' কবিতার মূলভাবের প্রতিনিধিত্ব করছে– মূল্যায়ন কর। ৪

৬.▶ মতিন সাহেব স্ত্রীর মৃত্যু বার্ষিকী উপলক্ষে কাঙালি ভোজের আয়োজন করেছেন। কাঙালিদের লাইন করে বসিয়ে প্যাকেট খাবার দিয়ে বিদায় করা হয়েছে। বাড়ির ভিতরে চলছে আত্মীয়স্বজনের ভুরিভোজ। কয়েকজন কাঙালি খাবার না পেয়ে বাড়ির দরজায় এসে খাবার চাইলে বাড়ির কেয়ারটেকার ধমক দিয়ে বের করে দেয়। এ দৃশ্য দেখে মতিন সাহেব বলেন, ওরাই আমার আসল অতিথি ওদের তৃপ্ত করে খাইয়ে দাও।

ক. মানুষ কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেয়া হয়েছে? ১
খ. 'ঐ মন্দির পূজারীর, হায় দেবতা তোমার নয়'– ভিখারী কেন এ কথা বলে? ২
গ. উদ্দীপকের কেয়ারটেকারের আচরণে 'মানুষ' কবিতার কোন বিষয়টি প্রকাশ পেয়েছে? – ব্যাখ্যা কর। ৩
ঘ. "মতিন সাহেবই 'মানুষ' কবিতার কাঙ্ক্ষিত মানুষ।" উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

## গ অংশ — সহপাঠ

৭.▶ 'আমার বন্ধু রাশেদ' নামক চলচ্চিত্রের এক সাহসী, নির্ভীক ও দেশপ্রেমিক কিশোর চরিত্র রাশেদ। পাকিস্তানিদের রাজাকারদের বৈরী কৌশলে হেনস্তা করত। এমনকি মুক্তিযোদ্ধাদের সাহায্যে সে এগিয়ে আসে। স্কুল ঘরে হানাদার বাহিনীর ক্যাম্প ধ্বংসে সে ভূমিকা রাখে। এক সময় রাজাকারদের হাতে ধরা পড়ে এবং শহিদ হয়।

ক. নোলক বুয়া বুধাকে কী নামে ডাকে? ১

http://teachingbd.com

খ. 'সেই শীতল মৃত্যুর রাতের কথা' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের হানাদার ও রাজাকারদের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্যগত দিক নির্ণয় কর। ৩
ঘ. 'রাশেদ ও বুধা উভয়েই দেশপ্রেমিক'— উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৮. ▶ মা কেঁদে কয়, 'মঞ্জুলী মোর ওই তো কচি মেয়ে
ওরই সঙ্গে বিয়ে দেবে, বয়সে ওর চেয়ে
পাঁচগুণো সে বড়—
তাকে দেখে বাছা আমার ভয়েই জড়োসড়ো
এমন বিয়ে ঘটতে দেব নাকো।'
বাব বললে, 'কান্না তোমার রাখো।
পঞ্চাননকে পাওয়া গেছে অনেক দিনের খোঁজে
জাননা কি মস্ত কুলীন ওযে!
সমাজে তো উঠতে হবে
সেটা কী কেউ ভাবো?
ওকে ছাড়লে পাত্র কোথায় পাব!

ক. 'বহিপীর' নাটকের শেষ সংলাপটি কার? ১
খ. হাতেম আলি তাহেরাকে পীরের হাতে দিলেন না কেন? ২
গ. উদ্দীপকে 'বহিপীর' নাটকের কোন সামাজিক অসঙ্গতি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের মঞ্জলীর বাবা কি তাহেরার বাবার সার্থক প্রতিনিধি? তোমার মতামত দাও। ৪

৯. ▶ গ্রেনেড উঠেছে হাতে, কবিতার হাতে রাইফেল
এবার বাঘের থাবা, ভোজ হবে আজ প্রতিশোধে
যার সঙ্গে যেরকম সেরকম খেলাব বাংলা
খেলেছি মেরেছি সুখে কান কেটে দিয়েছি তোদের।

ক. গাঁয়ের মানুষ কয়ভাগে ভাগ হয়ে গেছে? ১
খ. আহাদ মুন্সির চোখ কপালে উঠেছিল কেন? ২
গ. উদ্দীপকে বুধার জীবনের কোন অংশটি ফুটে উঠেছে ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটিতে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সম্পূর্ণ ভাবের প্রতিফলন ঘটেনি।"— উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

Teachingbd.com

# যশোর বোর্ড-২০১৫

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ০ ১

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. কোন যুদ্ধে হযরতের পরাজয়ের মিথ্যা সংবাদ শুনে হযরতের মৃত্যু সম্ভাবনায় শত্রুরা আনন্দে আত্মহারা হয়ে পড়ল?
ⓚ বদর ⓚ ওহোদ
ⓖ খন্দক ⓘ খয়বর

২. 'আমি কোনো আগন্তুক নই'— কবিতায় উল্লিখিত 'বাতাস' কেমন?
ⓚ উষ্ণ ⓚ জলজ
ⓖ ঠান্ডা ⓘ ঝড়ো

৩. 'তোদের রক্তাক্ত হাত মুচড়ে দিয়েছি নয় মাসে'— চরণটিতে প্রকাশ পেয়েছে—
ⓚ প্রতিশোধ ⓚ প্রতিবাদ
ⓖ আক্রমণ ⓘ নৃশংসতা

৪. শহরে পীর সাহেবের কত জন ধনী মুরিদ আছেন?
ⓚ নয় ⓚ সাত
ⓖ পাঁচ ⓘ তিন

নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:

দেখা হলেই মিষ্ট অতি
মুখের ভাব শিষ্ট অতি
অলস দেহ ক্লিষ্ট গতি
গৃহের প্রতি টান।

৫. উদ্দীপকটিতে 'নিরীহ বাঙালি' প্রবন্ধে উল্লিখিত বাঙালি চরিত্রের যে দিকটি ফুটে উঠেছে তা হল—
i. অলসতা ii. সদাচার
iii. ঘরকুনো
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

৬. ফুটে উঠা বৈশিষ্ট্যের কারণে বাঙালি কোন পরিচয়ে পরিচিত?
ⓚ পদ্মিনী ⓚ নায়িকা
ⓖ পুরুষিকা ⓘ মূর্তিমান কাব্য

৭. 'এক ঝাঁক নক্ষত্র নেমে এসেছে যেন নীল আকাশ থেকে সবুজ সায়রে'— এখানে 'সবুজ সায়র' বলতে কোনটিকে বোঝানো হয়েছে?
ⓚ নিমফুল ⓚ নিমফল
ⓖ নিমপাতা ⓘ কচি ডাল

৮. 'দৈন্য যদি আসে আসুক, লজ্জা কিবা তাহে মাথা উঁচু রাখিস।'— এ বক্তব্যের প্রতিফলন দেখা যায় কোন চরিত্রটির মধ্যে?
ⓚ অভাগী ⓚ মমতাদি
ⓖ নিরুপমা ⓘ সর্বজয়া

৯. নোলক বুয়া বুধাকে কী নামে ডাকে?
ⓚ মানিকরতন ⓚ সোনাবাবা
ⓖ ছন্নছাড়া ⓘ গোবররাজা

১০. 'আমি এভাবেই টাকা নিতে পারব না। যায় যাক জমিদারি।'— এ বক্তব্যে প্রকাশ পেয়েছে—
ⓚ ন্যায়বোধ ⓚ ব্যক্তিত্ব
ⓖ মানবিক মূল্যবোধ ⓘ আত্মমর্যাদা

১১. নৌকা তীরে পৌঁছালে অন্নপূর্ণা নৌকা থেকে নেমে কোন দিকে রওনা হয়?
ⓚ পূর্ব ⓚ পশ্চিম
ⓖ উত্তর ⓘ দক্ষিণ

১২. 'সেইদিন এই মাঠ' কবিতার বক্তব্য অনুসারে কোনটির মৃত্যু নেই?
ⓚ সভ্যতার ⓚ স্বপ্নের
ⓖ মানুষের ⓘ ঐতিহ্যের

১৩. 'মানুষ বাঁচে তার কর্মের মধ্যে বয়সের মধ্যে নয়'— এ বক্তব্যের সমর্থনযোগ্য বক্তব্য রয়েছে তোমার পঠিত কোন কবিতায়?
ⓚ আমার সন্তান ⓚ জীবন সঙ্গীত
ⓖ প্রাণ ⓘ মানুষ

১৪. পালামৌর পূর্বে দেখা পাহাড়গুলোকে লেখকের কাছে এখন কেমন মনে হয়?
ⓚ প্রস্তরময় ⓚ কন্টকাকীর্ণ
ⓖ নির্জন ⓘ কুসুমিত

নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:

অবসাদে ঘুম নেমে এলে
আবার দেখেছি সেই ঝিকিমিকি শবরী তিতাস
কী গভীর জলধারা ছড়াল হৃদয়ে আমার।

১৫. উদ্দীপকে 'কপোতাক্ষ নদ' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে?
ⓚ নদীর প্রতি অনুরাগ ⓚ স্মৃতি কাতরতা
ⓖ স্বদেশ প্রেম ⓘ নদীর প্রতি মিনতি

১৬. ফুটে উঠা দিকটি প্রকাশ পেয়েছে যে চরণে তা হল—
i. সতত তোমার কথা ভাবি এ বিরলে
ii. জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে
iii. বহু দেশে দেখিয়াছি বহু নদ দলে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১৭. 'থাক, বেহাই, ওতে আমার কাজ নেই' রায় বাহাদুরের এ উক্তিতে প্রকাশ পেয়েছে—
ⓚ আত্মসম্মান ⓚ উদারতা
ⓖ দয়া ⓘ অহংকার

১৮. কবি কাজী নজরুল ইসলাম রচিত প্রবন্ধ গ্রন্থ কোনটি?
ⓚ যুগবাণী ⓚ প্রলয়শিখা
ⓖ মৃত্যুক্ষুধা ⓘ সিন্ধু হিন্দোল

১৯. 'এমন জোয়ান মর্দ ছেলে, মায়ের আঁচল ধরিয়া বসিয়া থাকিবার অভ্যাস কেন?'— উক্তিটিতে কী প্রকাশ পেয়েছে?
ⓚ বিরক্তি ⓚ অভিসম্পাত
ⓖ ব্যঙ্গ ⓘ ক্ষোভ

২০. মুক্তিযুদ্ধের সময় মে মাসের কত তারিখে প্রাইমারি স্কুল খোলার হুকুম হয়েছিল?
ⓚ নয় ⓚ পাঁচ
ⓖ তিন ⓘ এক

২১. 'বৃষ্টি' কবিতায় তৃষিত বনের সাথে কী জেগে ওঠার কথা বলা হয়েছে?
ⓚ রৌদ্র-দগ্ধ ধানক্ষেত ⓚ তৃষাতপ্ত মন
ⓖ বিদগ্ধ আকাশ ⓘ বুক্ষমাঠ

http://teachingbd.com

২২. কী কারণে বর্তমানে পয়লা বৈশাখের আনন্দানুষ্ঠানের প্রাণকেন্দ্র শহরকেন্দ্রিক হয়েছে?
ক সামাজিক
খ রাজনৈতিক
গ অর্থনৈতিক
ঘ ধর্মীয়

২৩. 'তোমার সঙ্গে আমি কেন যাব? গাঁয়ে থাকবে কে?' এ বক্তব্যে প্রকাশ পেয়েছে—
i. দেশাত্মবোধ
ii. সাহস
iii. প্রতিশোধস্পৃহা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ ii ও iii
গ i ও iii
ঘ i, ii ও iii

২৪. 'অভাগীর স্বর্গ' গল্পে ঠাকুরদাস মুখুয্যের স্ত্রী কত দিনের জ্বরে মারা গিয়েছিল?
ক পাঁচ
খ সাত
গ আট
ঘ নয়

২৫. 'বাদশা বাবর কাঁদিয়া ফিরিছে, নিদ নাহি চোখে তাঁর—
পুত্র তাঁহার হুমায়ুন বুঝি বাঁচে না এবার আর।'
উল্লিখিত কবিতাংশের 'বাদশা বাবরে'র সঙ্গে কার মিল খুঁজে পাওয়া যায়?
ক অভাগীর
খ ঈশ্বরী পাটুনীর
গ সর্বজয়ার
ঘ পল্লিমায়ের

২৬. 'আমার পরিচয়' কবিতার কবি 'কমলার দীঘি' ও 'মহুয়ার পালা'র কথা উল্লেখ করেছেন কোন ঐতিহ্য বোঝাতে?
ক লোক-সাহিত্যের
খ ব্যবসা-বাণিজ্যের
গ প্রত্নতাত্ত্বিক
ঘ বিদ্রোহের

**নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

তুমি আসবে বলে, হে স্বাধীনতা,
ছাত্রাবাস, বস্তি উজাড় হলো। রিকয়েললেস রাইফেল
আর মেশিনগান খই ফোটাল যত্রতত্র
তুমি আসবে বলে ছাই হলো গ্রামের পর গ্রাম।

২৭. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি ফুটে উঠেছে?
ক রাজাকারদের তাণ্ডব
খ হানাদার বাহিনীর নৃশংসতা
গ স্বাধীনতার আগমনী বার্তা
ঘ মুক্তিযোদ্ধাদের প্রতিরোধ

২৮. ফুটে উঠা দিকটির বহিঃপ্রকাশ ঘটেছে—
i. বাজারের দোকানপাট পুড়িয়ে দেওয়াতে
ii. আহাদ মুন্সির কার্যক্রমে
iii. বাঙ্কারের ভেতর মাইন পুঁতে রাখাতে
নিচের কোনটি সঠিক?
ক i
খ ii
গ i ও ii
ঘ i ও iii

২৯. বাংলা সাহিত্যের যত শাখা আছে, সে সবের মধ্যে বয়সে সর্বকনিষ্ঠ কোনটি?
ক কাব্য
খ উপন্যাস
গ ছোটগল্প
ঘ নাটক

৩০. 'জীবন সঙ্গীত' কবিতায় কবি মানুষের জীবনকে কীসের সঙ্গে তুলনা করেছেন?
ক নিশার স্বপন
খ শৈবালের নীর
গ কুসুমিত কানন
ঘ সমরাঙ্গন

৩১. মার্জিত পরিবেশে সাধারণত কোন শ্রেণির শব্দ ব্যবহার করা যায় না?
ক তৎসম
খ অর্ধ-তৎসম
গ তদ্ভব
ঘ দেশি

৩২. 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় 'নতুন নিশান' দ্বারা কী বোঝানো হয়েছে?
ক স্বাধীনতাকে
খ মানচিত্রকে
গ পতাকাকে
ঘ মুক্তিযোদ্ধাকে

৩৩. নাটকে সাধারণত কয়টি উপাদান থাকে?
ক দুই
খ তিন
গ চার
ঘ পাঁচ

৩৪. 'বিত্ত হতে চিত্ত বড়'— এ বক্তব্যের সঙ্গে সাদৃশ্য রয়েছে কোন উক্তির?
ক ধনের সৃষ্টি জ্ঞান সাপেক্ষ
খ অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়েও মুক্তি বড়
গ অর্থ সাধনাই জীবনসাধনা নয়
ঘ মনের দাবি রক্ষা না করলে আত্মা বাঁচে না

৩৫. মাটি কাটার কাজ শেষ করে সবাই যে কারণে সন্ধ্যার আগে বাড়ি ফিরতে চায় তা হল—
i. মাইন বিস্ফোরণ হতে পারে
ii. মুক্তিযোদ্ধারা আক্রমণ করতে পারে
iii. মিলিটারিরা গুলি চালাতে পারে
নিচের কোনটি সঠিক?
ক i
খ iii
গ i ও ii
ঘ i, ii ও iii

৩৬. 'অন্ধ চোখের দ্বন্দ্ব চুকে যায়'— এ চরণে 'দ্বন্দ্ব' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক আশঙ্কা
খ কষ্ট
গ মনোমালিন্য
ঘ অভিশাপ

**নিচের উদ্দীপকটি পড়ে ৩৭ ও ৩৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

লালন শাহ্ মানবতাবাদী মরমি কবি। প্রাতিষ্ঠানিক বিদ্যালাভ না করলেও নিজের চিন্তা ও সাধনায় তিনি হিন্দু ও মুসলমানের ধর্মীয় শাস্ত্র সম্পর্কে বিশেষ জ্ঞান অর্জন করেন। এই জ্ঞানের সঙ্গে নিজের অভিজ্ঞতা ও উপলব্ধির মিলনে তিনি নতুন এক দর্শন প্রচার করেন।

৩৭. 'বই পড়া' প্রবন্ধ অনুসরণে উদ্দীপকের মনীষী লালন শাহ্ হলেন—
i. যথার্থ গুরু
ii. স্বশিক্ষিত
iii. সুশিক্ষিত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

৩৮. 'বই পড়া' প্রবন্ধের কোন বক্তব্যটি উক্ত মনীষীর ক্ষেত্রে প্রযোজ্য?
ক পাস করা ও শিক্ষিত হওয়া এক বস্তু নয়
খ শিক্ষা কেউ কাউকে দিতে পারে না
গ যিনি যথার্থ গুরু তিনি শিষ্যের আত্মাকে উদ্বোধিত করেন
ঘ সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত

৩৯. হাতেম আলির কোথায় জমিদারি আছে?
ক রেশমপুরে
খ কদমতলায়
গ ডেমরায়
ঘ সুনামগঞ্জে

৪০. কপালে কব্জিতে লালসালু বেঁধে রেসকোর্স ময়দানে কারা ছুটে এসেছিল?
ক কৃষক
খ ছাত্র
গ মধ্যবিত্ত
ঘ শ্রমিক

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | খ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | খ | ৯ | গ | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | খ | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ঘ |
| | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | খ | ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | গ | ৩৪ | খ | ৩৫ | খ | ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | ঘ | ৩৯ | ক | ৪০ | খ |

Teachingbd.com